



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাংলাদেশ পুলিশ

এন্টি টেররিজম ইউনিট

বাড়ী নং-৩৫, সোহরাওয়ার্দী এভিনিউ, ব্লক-কে, বারিধারা, ঢাকা-১২১২।

[www.atu.police.gov.bd](http://www.atu.police.gov.bd)



স্মারক নং- পিআর ৫১/২০

তারিখঃ ০৭ ডিসেম্বর ২০২০খ্রিঃ

### প্রেস বিজ্ঞপ্তি

এন্টি টেররিজম ইউনিট (এটিইউ) কর্তৃক নিষিদ্ধঘোষিত জঙ্গী সংগঠন 'হিবুত তাহরীর' এর ঢাকা ও গাজীপুর মহানগরীর দায়িত্বশীল দুই (০২) জন গ্রেফতার।

এন্টি টেররিজম ইউনিট গোপন সংবাদের ভিত্তিতে ০৬ ডিসেম্বর ২০২০ তারিখ আনুমানিক বিকাল ৬.০০ ঘটিকায় অভিযান পরিচালনা করে রাজধানীর বনানী থানাধীন রোড নং- ৭, ব্লক- জি এলাকার একটি বাসা থেকে নিষিদ্ধ জঙ্গী সংগঠন 'হিবুত তাহরীর' এর দুই সক্রিয় সদস্যকে গ্রেফতার করেছে। গ্রেফতারকৃত সদস্য- ১. মোঃ খলিলুর রহমান (২৮), পিতা- আবু হানিফ মাতা- মোসাঃ রহিমা খাতুন, গ্রাম- একদন্ড আটঘরিয়া, পোস্ট- একদন্ড, থানা- আটঘরিয়া, জেলা- পাবনা, ঢাকা মহানগরী (উত্তর) এর এবং আসামী ২. মোঃ ইমরান হাসান (২৫), পিতা- মোঃ শাহজাহান, মাতা- মোসাঃ ফিরোজা বেগম, থানা- খিলক্ষেত, গাজীপুর মহানগরীর 'হিবুত তাহরীর' এর দায়িত্বশীল হিসেবে কার্যক্রম পরিচালনা করে আসছিল। গ্রেফতারকালে তাদের কাছ থেকে ৬ টি মোবাইল ফোন জব্দ করেছে।

গ্রেফতারকৃত আসামীদ্বয় খিলাফত প্রতিষ্ঠার উদ্দেশ্যে রাষ্ট্র বিরোধী ষড়যন্ত্র, লিফলেট বিতরণ, পোস্টারিং এর মাধ্যমে প্রচার-প্রচারণা, অনলাইনে সম্মেলন ও অনলাইন ভিত্তিক প্রচারণা পরিচালনা করে আসছিল। এছাড়া তারা রাষ্ট্রের অখণ্ডতা, সংহতি, জননিরাপত্তা ও সার্বভৌমত্ব বিপন্ন করার জন্য বিভিন্ন সময়ে ষড়যন্ত্র করত। গ্রেফতারকৃত আসামীদ্বয় দক্ষিণখান থানা ডিএমপি এর মামলা নং-৪০, তারিখ-১৮/১১/২০২০ খ্রি: সন্ত্রাসবিরোধী আইন ২০০৯ (সংশোধনী ২০১৩) এর ধারা ৬(২)/৮/৯/১০/১১/১২/১৩ এর এজাহারভুক্ত সশস্ত্র পলাতক আসামী। তাদেরকে আদালতে সোপর্দ করা হয়েছে।

০৭/১২/২০২০

(ওয়াহিদা পারশীন)

সহকারি পুলিশ সুপার

(মিডিয়া অ্যান্ড অ্যাওয়ারনেস)

এন্টি টেররিজম ইউনিট

বাংলাদেশ পুলিশ, ঢাকা।